

2021/TDC/EVEN/SEM/
BNGL-401(A/B/C)/009

স্নাতক যুগ্ম ষাণ্মাসিক পরীক্ষা, ২০২১

বাংলা

(আধুনিক ভারতীয় ভাষা)

(চতুর্থ ষাণ্মাসিক)

পাঠক্রম নং : BNGL-401

(কলা / বাণিজ্য / বিজ্ঞান বিভাগ)

পূর্ণমান : ৫০

উত্তীর্ণমান : ১৭

সময় : ২ ঘণ্টা

পাশ্বর্ছ সংখ্যা পূর্ণমান নির্দেশক

OPTION—A

(কলা বিভাগের ছাত্র-ছাত্রীদের জন্য)

(বাংলা কথাসাহিত্য ও ভাষা)

১। যে-কোন দুটি প্রশ্নের উত্তর দাও :

(ক) ইন্দ্রনাথের সঙ্গে শ্রীকান্তের প্রথম আলাপ কোথায় হয়েছিল? শ্রীনাথ বহুরূপীর বাড়ি কোথায় ছিল? শ্রীকান্তের মেজদা কতবার এন্ট্রাল ফেল করেছিলেন? মেজদাদের বাড়ির দারোয়ান কাকে চোর বলে ধরেছিল? 'শ্রীকান্ত' উপন্যাস অবলম্বনে ইন্দ্রনাথ চরিত্রটি নিজের ভাষায় বিশ্লেষণ করো।

১+১+১+১+১০=১৪

22J/501

(Turn Over)

(খ) শ্রীকান্তের সঙ্গে পিয়ারী বাইজীর প্রথম সাক্ষাৎ কোথায় হয়েছিল? পিয়ারী বাইজীর খানসামা বা চাকরের নাম কী? পিয়ারীর এক বোন ছিল, তার নাম কী? কার সাথে পিয়ারী বাইজীর বিয়ে হয়েছিল? 'শ্রীকান্ত' উপন্যাসের প্রথম পর্ব অবলম্বনে পিয়ারী চরিত্রটি আলোচনা করো।

১+১+১+১+১০=১৪

(গ) বাংলা ভাষার স্তর কয়টি ও কী কী? কোন্ স্তরের বাংলা ভাষায় দুটি উপস্তর রয়েছে? প্রাচীন বাংলার সাধারণ লক্ষণগুলো উদাহরণসহ আলোচনা করো। ১+২+১+১০=১৪

(ঘ) উপভাষা কাকে বলে? বাংলা ভাষার উপভাষা কয়টি? বরেন্দ্রী কোন্ অঞ্চলের উপভাষা? যে-কোন দুটি উপভাষার বৈশিষ্ট্য সংক্ষেপে আলোচনা করো।

২+১+১+১০=১৪

২। টীকা লেখো (যে-কোন তিনটি) :

৪×৩=১২

(ক) শৌরসেনী প্রাকৃত

(খ) আগন্তুক শব্দ

(গ) সুতনুকা প্রত্নলিপি

(ঘ) অন্নদাদিদি

(ঙ) নতুনদা

৩। (ক) চলিত গদ্যরীতির কয়েকটি বৈশিষ্ট্য আলোচনা করো।

৫

অথবা

(খ) সাধুভাষায় রূপান্তরিত করো :

৫

“ময়লাকে অত্যন্ত ঘৃণা করে আমরা ময়লা হয়ে থাকি অনেক সময়। ময়লায় আমাদের এত ঘৃণা যে ছুঁলে নাইতে হয় ; সেই ভয়ে স্তম্ভকৃতি ময়লা দোরের পাশে পচতে দিই। না ছুঁলেই হল! এদিকে যে নরককুণ্ডে বাস হচ্ছে, তার কি? একটা অনাচারের ভয়ে আর একটা মহাঘোর অনাচার।”

৪। (ক) উদাহরণসহ বাংলা বানানরীতির যে-কোন পাঁচটি বৈশিষ্ট্য আলোচনা করো।

৫

অথবা

(খ) অশুদ্ধি সংশোধন করো (যে-কোন পাঁচটি) :

৫

রামায়ন ; দূর্গা ; পূণ্যবান ; আকাঙ্ক্ষা ; আবিষ্কার ;
ভৌগলিক ।

OPTION—B

(বাণিজ্য বিভাগের ছাত্র-ছাত্রীদের জন্য)

(বাংলা কথাসাহিত্য ও রচনা)

১। যে কোনো দুটি প্রশ্নের উত্তর দাও :

(ক) প্রমেন্দ্র মিত্র কোন্ পত্রিকাগোষ্ঠীর লেখক ছিলেন? প্রমেন্দ্র মিত্রের দুটি গল্পগ্রন্থের নাম লেখো। “প্রমেন্দ্র মিত্রের ছোটগল্পে সাধারণ জনজীবনের বিচিত্র ছবি উজ্জ্বল হয়ে উঠেছে।” ছোটগল্পকার হিসাবে প্রমেন্দ্র মিত্রের মৌলিক বৈশিষ্ট্যের পরিচয় দাও।

১+২+১১=১৪

(খ) প্রমেন্দ্র মিত্রের প্রথম প্রকাশিত গল্পের নাম কী? গল্পটি কোন্ পত্রিকায়, কত সালে প্রকাশিত হয়? ‘শুধু কেরানি’ গল্পের নামকরণের সার্থকতা প্রতিপন্ন করো।

১+২+১১=১৪

(গ) ‘পুনাম’ গল্পের নায়ক চরিত্রের নাম কী? সে কী বিক্রি করে ছেলের চিকিৎসার টাকা যোগাড় করেছিল? ‘পুনাম’ গল্পের মর্মাধ বিশ্লেষণ করো।

১+১+১২=১৪

(ঘ) ‘স্টোভ’ গল্পটি প্রমেন্দ্র মিত্রের কোন্ গল্পগ্রন্থের অন্তর্গত? ‘স্টোভ’ গল্পে বর্ণিত স্ত্রী-চরিত্রের নাম উল্লেখ করো। “‘স্টোভ’ গল্পে আধুনিক দাম্পত্য জীবনের প্রতীকী চিত্র স্পষ্ট হয়ে উঠেছে।” আলোচনা করো।

১+১+১২=১৪

২। সারাংশ লেখো :

৬

মানুষের কর্মজীবন বিকশিত হতে পারে বিচিত্র পথে। জ্ঞান-বিজ্ঞানের সাধনা, চিকিৎসা-সেবা দান, শিল্প-কলকারখানা স্থাপন, ব্যবসা-বাণিজ্যের মাধ্যমে দেশের অর্থনীতিতে ভূমিকা পালন—নানাভাবে মানুষ কর্মজীবনে ভূমিকা রাখতে পারে। পেশা হিসাবে কেউ কেউ বেছে নিতে পারে চাকরি, কেউ হতে পারে আইনজ্ঞ, কেউ হতে পারে প্রকৌশলী, কেউ বা ব্রতী হতে পারে শিক্ষকতার মহান পেশায়, কেউ বা বেছে নিতে পারে কৃষি উন্নয়ন। সে যাই হতে চাক না কেন বৃত্তি নির্বাচন অনেকেংশে নির্ভর করে শারীরিক সামর্থ্য, শিক্ষাগত যোগ্যতা, আর্থিক সচ্ছলতা ও উপযুক্ত পরিবেশের উপর। অনেক ক্ষেত্রে বিশেষ বৃত্তি বা পেশা গ্রহণের জন্য সুনির্ধারিত পাঠক্রম অধ্যয়নের প্রয়োজন হয়। সে জন্য জীবনের লক্ষ্য ঠিক করার সাথে সাথে সেই অনুযায়ী পাঠক্রম ঠিক করতে হয়।

৩। যে কোনো একটি বিষয়ে রচনা লেখো :

১৬

- (ক) বরাকের ক্ষুদ্রশিল্প
- (খ) যুব সমাজের উন্নয়নে ব্যাঙ্কের ভূমিকা
- (গ) বিশ্বায়নে বাণিজ্যের প্রসার
- (ঘ) দ্রব্যমূল্য বৃদ্ধি ও তার প্রতিকার

OPTION—C

(বিজ্ঞান বিভাগের ছাত্র-ছাত্রীদের জন্য)

(বাংলা কথাসাহিত্য ও ভাষা)

১। যে কোনো দুটি প্রশ্নের উত্তর দাও :

(ক) জীবনমশায়ের বাবার নাম কী ছিল? তিনি কোন্ হাইস্কুলে পড়াশুনা করতেন? 'আরোগ্য নিকেতন' উপন্যাসের নামকরণের সার্থকতা বিচার করো। ১+১+১২=১৪

(খ) তারাশঙ্কর রচিত প্রথম উপন্যাসটির নাম কী? তারাশঙ্করের একটি স্বদেশমূলক উপন্যাসের নাম লেখো। জীবনমশায়ের চরিত্রটি তোমার নিজের ভাষায় বিবৃত করো। ১+১+১২=১৪

(গ) 'নিশীথে' গল্পের দক্ষিণাচরণবাবুর বাড়ি কোথায় ছিল? কোন্ ডাক্তার দক্ষিণাচরণবাবুর স্ত্রীর চিকিৎসা করতেন? 'নিশীথে' গল্পে অতিপ্রাকৃত পরিবেশ যেভাবে সৃষ্ট হয়েছে তার বিবরণ দাও। ১+১+১২=১৪

(ঘ) 'বিচারক' গল্পের বিচারকের নাম কী? তাঁর পূর্ব নাম কী ছিল? তিনি কার বিচার করেছিলেন? বিচারকের পূর্ব জীবনের ইতিহাস তোমার নিজের ভাষায় বিবৃত করো। ১+১+১+১১=১৪

(7)

২। যে কোনো একটি বিষয়ে নাতিদীর্ঘ নিবন্ধ রচনা করো :

১৪

(ক) নদী সংরক্ষণ

(খ) তোমার জীবনের আদর্শ বিজ্ঞানী

(গ) সভ্যতার অগ্রগতিতে বিজ্ঞানের অবদান

(ঘ) পরিবেশ দূষণ ও এর প্রতিকার

৩। টীকা লেখো (যে কোনো দুটি) :

৪×২=৮

(ক) আতর বউ

(খ) রঙ্গলাল ডাক্তার

(গ) যজ্ঞেশ্বর চরিত্র

(ঘ) 'আপদ' গল্পের সতীশ

★ ★ ★